

মেথি প্লাস

ফেনুথিক ৩০০ মি.গ্রা. এবং জিমেনেমা ২০০ মি.গ্রা.

উপাদানঃ

মেথি প্লাস ক্যাপসুলঃ প্রতিটি ক্যাপসুলে রয়েছে ফেনুথিক ৩০০ মি.গ্রা. এবং জিমেনেমা ২০০ মি.গ্রা.

বিবরণঃ

মেথি বীজ সবচেয়ে প্রাচীন ঔষধ গুলির মধ্যে একটি। মেথি ফেবেসি (লেগুমিনোসি) পরিবারের অন্তর্গত একটি বার্ষিক উদ্ভিদ। মেথির বৈজ্ঞানিক নাম *ট্রাইগোনেলা ফোয়েনাম-গ্রেকাম*।

মেথি বীজের অ্যান্টিডায়াবেটিক বৈশিষ্ট্যের জন্য দায়ী এটিতে থাকা সক্রিয় উপাদান, যেমন স্যাপোনিন, ডায়োসজেনিন, ৪-হাইড্রক্সিআইসোলিউসিন (৪-ওএইচ-ইল), গ্যালাক্টোম্যানান এবং ট্রাইগোনেলিন। এই উপাদানগুলি মেথি বীজের ডায়াবেটিস প্রতিরোধক বৈশিষ্ট্য প্রদর্শন করে। মেথি বীজে ৫০% স্যাপোনিন থাকে, যা পরিপাকতন্ত্রে গ্লুকোজ শোষণের হার কমায়। ৪-হাইড্রক্সিআইসোলিউসিন অগ্ন্যাশয় থেকে ইনসুলিন নিঃসরণকে উদ্দীপিত করে এবং ইনসুলিন প্রতিরোধ ক্ষমতা হ্রাস করে। গ্যালাক্টোম্যানান গ্লুকোজ পুনরায় শোষণে সাহায্য করে এবং ট্রাইগোনেলিন বিটা-কোষের পুনরুৎপাদনে সহায়তা করে।

জিমেনেমা সিলভেস্ট্রি বা গুরমার সুগার ধ্বংসকারী স্বতন্ত্র বৈশিষ্ট্যের জন্য সুপরিচিত। সুগার দমন ক্রিয়াকলাপের জন্য দায়ী ফাইটোকনস্টিটিউন্টগুলির মধ্যে রয়েছে ট্রাইটারপিন স্যাপোনিন (জিমেনেমিক অ্যাসিড, জিমেনেমাস্যাপোনিন) এবং একটি পলিপেপটাইড গুরমারিন।

ডায়াবেটিসের চিকিৎসায় জিমেনেমা সিলভেস্ট্রির ভালো সম্ভাবনা রয়েছে কারণ এটি রক্তে শর্করার হোমিওস্টেসিসের উপর ইতিবাচক প্রভাব ফেলে, সুগার এর প্রতি তীব্র আকাজক্ষা নিয়ন্ত্রণ করে এবং অগ্ন্যাশয়ের পুনরুৎপাদনে সহায়তা করে। ভেষজ নির্যাসটি খাদ্য সম্পূরক হিসাবে ব্যবহৃত হয়, কারণ এটি শরীরের ওজন, রক্তের কোলেস্টেরল এবং ট্রাইগ্লিসারাইডের মাত্রা হ্রাস করে।

নির্দেশনা ও ব্যবহারঃ

টাইপ-২ ডায়াবেটিস এবং হাইপারলিপিডেমিয়া

মাত্রা ও সেবন বিধিঃ

১ টি করে ক্যাপসুল দিনে ১-৩ বার খাবারের আগে অথবা চিকিৎসকের পরামর্শে সেব্য।

পার্শ্ব-প্রতিক্রিয়াঃ

মেথি এবং জিমেনেমার সংমিশ্রণ সাধারণত সুসহনীয়। মেথি সাধারণত খাবার হিসাবে খাওয়া হয়। মেথি গুঁড়ো বীজ ৩ বছর পর্যন্ত গ্রহণ সম্ভবত নিরাপদ। সাধারণ পার্শ্ব প্রতিক্রিয়াগুলির মধ্যে রয়েছে ডায়রিয়া, পেট খারাপ ও ফোলাভাব এবং গ্যাস। কারো ক্ষেত্রে অ্যালার্জির প্রতিক্রিয়াও হতে পারে। ২০ মাস পর্যন্ত যথাযথভাবে নেওয়া হলে জিমেনেমা নিরাপদ।

প্রতিনির্দেশনাঃ

মেথি প্লাস এর কোন উপাদানের প্রতি অতিসংবেদনশীলতা আছে এমন রোগীদের ক্ষেত্রে প্রতিনির্দেশিত।

গর্ভাবস্থায় ও স্তন্যদানকালে ব্যবহারঃ

গর্ভবতী ও স্তন্যদানকারী মহিলাদের ক্ষেত্রে ব্যবহারের জন্য পর্যাপ্ত ক্লিনিক্যাল ডেটা পাওয়া যায়নি।

সতর্কতাঃ

ফেবেসি পরিবারের অন্যান্য উদ্ভিদে (সয়াবিন, চিনাবাদাম, সবুজ মটর এবং অন্যান্য লেগুমস) যাদের অ্যালার্জি আছে তাদেরও মেথি এবং জিমেনেমা থেকে অ্যালার্জি হতে পারে।

মেথি এবং জিমেনেমা রক্ত জমাট বাঁধা কমাতে পারে। এটি অস্ত্রোপচারের সময় এবং পরে অতিরিক্ত রক্তপাত ঘটাতে পারে। মেথি এবং জিমেনেমা রক্তে শর্করার মাত্রাকে প্রভাবিত করে এবং অস্ত্রোপচারের সময় এবং পরে রক্তে শর্করার নিয়ন্ত্রণে হস্তক্ষেপ করতে পারে। অস্ত্রোপচারের কমপক্ষে ২ সপ্তাহ আগে মেথি এবং জিমেনেমা খাওয়া বন্ধ করা উচিত।

অন্য ঔষধের সাথে ক্রিয়াঃ

মেথি এবং জিমেনেমা রক্তে শর্করার মাত্রা কমাতে পারে। এন্টিডায়াবেটিক ঔষধের সাথে মেথি এবং জিমেনেমা গ্রহণ করলে রক্তে সুগার কমে যেতে পারে। রক্তে সুগার নিবিড়ভাবে পর্যবেক্ষণ করুন।

মেথি এবং জিমেনেমা রক্ত জমাট বাঁধা কমাতে পারে। অ্যান্টিকোয়াগ্যুল্যান্ট/অ্যান্টিপ্লেটলেট জাতীয় ঔষধের সাথে মেথি এবং জিমেনেমা গ্রহণ করলে রক্ত জমাট বাঁধার গতি কমে যায় এবং রক্তপাতের ঝুঁকি বাড়তে পারে।

মেথি শরীরে থিওফাইলিন এর শোষণ কমাতে পারে। থিওফাইলিন গ্রহণের সময় মেথি ব্যবহার করলে থিওফাইলিনের কার্যকারিতা কমতে পারে।

সংরক্ষণঃ ঠান্ডা ও শুষ্ক স্থানে সংরক্ষণ করুন। সরাসরি আলো থেকে দূরে রাখুন। শিশুদের নাগালের বাইরে রাখুন।

সরবরাহঃ প্রতিটি বক্সে রয়েছে ৩০ টি ক্যাপসুল অ্যালু-অ্যালু ব্লিস্টার প্যাকে।



দি ইবনে সিনা ন্যাচারাল মেডিসিন লিঃ

(হারবাল বিভাগ) সফিপুর, গাজীপুর, বাংলাদেশ।